গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা

নং-৫২.০০.০০০০.০১৮.২৫.০৩৩.১৬-০৯ তারিখ: ০৮/০৪/২০১৮

বিষয়: Bangladesh Geographical Information System Platform (BGISP)-এর বিষয়ে ২৫/০৩/২০১৮ তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব, মিজ মাহমুদা আকতার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ৫ম সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫/০৩/২০১৮ তারিখ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিব, মাহমুদা আকতার-এর সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে Bangladesh Geographical Information System Platform (BGISP)- এর বিষয়ে ৫ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত সম্বলিত কার্যবিবরণী এতদসংগে প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৮/৪/১৮

(মো: আনোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রকল্প পরিচালক, A21, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী, এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৮। সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৯। চেয়ারম্যান, SPARRSO, আগারগাঁও, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্তিক জরিপ অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
১১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা।
১১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২। চেয়ারম্যান, রাজউক, ঢাকা।
১৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৪। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (BARC), ফার্মগেট, ঢাকা।
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
১৬। চেয়ারম্যান, BIWTA, মতিঝিল, ঢাকা।
১৭। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
১৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা।
১৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশন, ফুলবাড়ীয়া, ঢাকা।
২০। মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
২১। নির্বাহী পরিচালক, CEGIS, বাড়ী নং ৬, সড়ক নং ২৩/সি, গুলশান-১, ঢাকা।
২২। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২৩। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জাহাংগীর নগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
২৪। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জনসন রোড, ঢাকা।
২৬। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
২৭। চেয়ারম্যান, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, BUET, পলাশী, ঢাকা।
২৮। চেয়ারম্যান, ভুগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
২৯। চেয়ারম্যান, WARPO, বনানী, ঢাকা।
৩০। কান্ট্রি ডিরেক্টর, ওয়ার্ল্ড ব্যাংক, ঢাকা অফিস, আগারগাঁও, ঢাকা।
৩১। কান্ট্রি ডিরেক্টর, এডিবি, ঢাকা অফিস, আগারগাঁও, ঢাকা।
৩২। কান্ট্রি ডিরেক্টর, ইউএনডিপি, ঢাকা অফিস, ঢাকা।
৩৩। প্রতিনিধি, FAO, ঢাকা অফিস, ঢাকা।
৩৪। প্রতিনিধি, UNFPA, আগারগাঁ, ঢাকা।
৩৫। উপ-সচিব (তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৩৬। প্রকল্প পরিচালক,স্ট্রেনদেনিং স্ট্যাটিসটিক্যাল ক্যাপাসিটি অব বিবিএস ফর কালেকটিং ডাটা অন পপুলেশন এন্ড ডেভেলেপমেন্ট (State-4-Dev) প্রকল্প, বিবিএস, ঢাকা।
৩৭। পরিচালক, সেন্সাস উইং, বিবিএস, ঢাকা।
৩৮। পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
৩৯। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা (কার্যবিবরণীটি 'সিড'-এর ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হল)।
৪০। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তথ্য ব্যবস্থাপনা-১ শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd

বিষয়ঃ Bangladesh Geographical Information System Platform (BGISP)–এর উপর অনুষ্ঠিত ৫ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২৫/০৩/২০১৮খ্রি. |
| সময় | : | সকাল ১১.৩০মি. |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি), পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ । |
| সভাপতি | : | মাহমুদা আকতার<br>অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | সংযুক্তি-'ক' |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং BGISP-র ৪র্থ সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও সভার এজেন্ডা উপস্থাপনের জন্য সেন্সাস উইংয়ের পরিচালক ও প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক, (Stat 4 Dev. প্রকল্প) ও পরিচালক, বিবিএস জনাব মো. জাহিদুল হক সরদার গত সভার সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় বিস্তারিত উপস্থাপন করেন। এরপর সভার এজেন্ডা মোতাবেক Web site ও Guide Line প্রস্তুতকরণ সংক্রান্ত উপ-কমিটিদ্বয়ের যথাক্রমে সদস্য সচিব এবং আহবায়ক নিজ নিজ কমিটির কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন এবং গত ২৭ ডিসেম্বর, ২০১৮খ্রি. অনুষ্ঠিত BGISP-এর কর্মশালার Findings সভায় উপস্থাপনের জন্য জনাব আলমগীর হোসেন, উপপরিচালক, বিবিএসকে অনুরোধ জানান।

২। Web site প্রস্তুতকরণ সংক্রান্ত উপকমিটির সদস্য সচিব জনাব চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার সভাকে জানান, BBS এর Owner ship –এর BGISP-এর ৪র্থ সভার সিদ্ধান্ত মোতাবেক gis.gov.bd নামে একটি web site এর Registration করার জন্য ইতোমধ্যে আবেদন করা হয়েছে। তিনি আরও বলেন, Registration এর পরে Data Content কি হবে এটা চূড়ান্ত করতে হবে এবং তার পরবর্তী পদক্ষেপ হবে Coding করা এবং সবশেষে এসব Data নিয়মিত Update করার প্রক্রিয়া চূড়ান্ত করা। BGISP-এর জন্য একটি Guide line তৈরি সংক্রান্ত উপকমিটির আহবায়ক ড. শাহেদুর রশিদ সভাকে জানান যে, উপকমিটির সর্বশেষ সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অবসর প্রাপ্ত অতিরিক্ত সচিব জনাব এম. সফিকুল ইসলাম বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন। সভায় তৈরিকৃত খসড়া Guide line নিয়ে বিস্তারিত আলোচনার পর তা চূড়ান্তকরনের জন্য আরও কয়েকটি সংস্থার Guide line-এর সহায়তা নিয়ে আগামী ৭ এপ্রিল, ২০১৮খ্রি. দিনব্যাপী একটি সভার মাধ্যমে এটি চূড়ান্ত করা হবে বলে সভাকে জানান। এরপর জনাব মো. আলমগীর হোসেন, উপপরিচালকও BGISP কর্মশালার র‍্যাপোর্টিয়ার কর্মশালা থেকে প্রাপ্ত findings সভায় উপস্থাপন করেন। এরপর আলোচনায় অংশ নিয়ে জনাব মাহবুব-ই-আলম, সিনিয়র প্রোগাম অফিসার UNFPA সভায় বলেন, BGISP কে একটি Institution-এ পরিণত করতে হবে। আগামী ২০২১ সালে অনুষ্ঠেয় আদমশুমারীতে GIS কিভাবে কাজ করবে এসম্পর্কে সিদ্ধান্ত নেয়া প্রয়োজন। তিনি আরও বলেন, BGISP-এর মাধ্যমে GIS এর Policy ঠিক করা উচিত। কি ধরনের কাজ করলে BGISP আরও Functional হবে সে বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন ।

অপর পাতা/২

৩। BGISP-এর ৪র্থ সভার সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন সংস্থা থেকে GIS বিষয়ক তথ্য সংগ্রহের বিষয়টি বিস্তারিত আলোচনা হয়। সেন্সাস উইংয়ের পরিচালক সভাকে জানান বিভিন্ন সংস্থা থেকে কোন কোন তথ্য সংগ্রহ করা হবে তা এ সভায় আলোচনা করে একটি কমন Format ঠিক করা দরকার। জনাব রেজাউল রনি, সহকারী অধ্যাপক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বলেন, প্রতিটি সংস্থা থেকে Meta Data সংগ্রহ করা উচিত, কি Format-এ data আছে সে বিষয়ে তথ্য সংগ্রহ করা যেতে পারে। ড. শাহেদুর রশিদ, অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বলেন, সংগ্রহকৃত তথ্য কোন অফিস থেকে সংগৃহীত, তার নাম, উইং, Data Format, Size এবং তা বিক্রয় করা হয় কিনা ইত্যাদি বিষয়ে আরও বিস্তারিত তথ্য সংগ্রহ করা যেতে পারে। জনাব এস.এম. খালিদ আহসান, সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ঢাকা ওয়াসা, সভায় ডাটা সংগ্রহ করার জন্য একটি Format তৈরিকল্পে কি কি বিষয়ে তথ্য সংগ্রহ করা যায় তার একটি তালিকা সভায় উপস্থাপন করেন। জনাব সি. এস. রায় কর্তৃক নেপালে National Data Archive এর জন্য ডাটাকে ৮টি Category-তে ভাগ করা হয়েছে তা সভায় Power Point-এর মাধ্যমে প্রদর্শন কর হয়। জনাব বিকাশ কিশোর দাস, অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ বলেন, কি ধরণের তথ্য আনতে হবে তা নেপালের Central Statistical Organization (CSO) প্রদর্শিত বিভিন্ন Category দেখলে অনেকটা মিল পাওয়া যাবে। তিনি বলেন, উভয়ের সমন্বয়ে একটি Format করা যেতে পারে এবং তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন সংস্থার নিকট প্রেরণ করে ১০ (দশ) কর্মদিবস সময় দিতে হবে। এর মধ্যে উত্তর না পাওয়া গেলে একজন কর্মকর্তার মাধ্যমে তা পাঠানোর জন্য অনুরোধ করা হবে । জনাব হাসান মো: হামিদুর রহমান, পরিচালক, BARC বলেন, বর্তমানে Open Data-এর যুগে সবার জন্য Data উম্মুক্ত রাখা প্রয়োজন। বিশেষভাবে সংরক্ষিত (Restricted) Data ছাড়া বিভিন্ন সংস্থার Data BGISP-এর Achieve-এ রাখা যেতে পারে। ড. শাহেদুর রশিদ বলেন, বিভিন্ন GIS সংস্থার মধ্যে পারস্পরিক সমন্বয় স্থাপন করা খুবই গুরুত্বপূর্ণ। এছাড়া বিভিন্ন GIS সংস্থা তাদের নিজস্ব কাজকর্ম করবে। একটি সংস্থা অন্য কোন সংস্থার কাজে হস্তক্ষেপ করবে না। যেমন Projection, Datum, বাউন্ডারি নির্ধারণ বিষয়ে বিভিন্ন কাজ SOB করবে। তবে সকল সদস্যদের মধ্যে সমন্বয়ের জন্য একটি Platform খুবই গুরুত্বপূর্ণ যেখান থেকে বিভিন্ন Data Share করা যাবে।

৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

১) **একটি Data Format তৈরি করে BGISP-এর বিভিন্ন সদস্য-সংস্থার নিকট প্রেরণের মাধ্যমে তাদের Data বিষয়ে তথ্য সংগ্রহ করতে হবে এবং BGISP-এর পরবর্তী সভায় এর অগ্রগতি উপস্থাপন করতে হবে। Data Format তৈরি করে প্রেরণের পর এ বিষয়ে ১০ (দশ) কর্মদিবস সময় দিতে হবে, এর মধ্যে কোন সংস্থা তাদের তথ্য প্রেরণ না করলে একজন কর্মকর্তার মাধ্যমে Format অনুযায়ী তথ্য প্রেরণের জন্য অনুরোধ করতে হবে ।**

২) **BGISP পরিচালনার জন্য সাব কমিটি কর্তৃক Guide line চূড়ান্ত করতে হবে এবং পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।**

৩) **BGISP-এর Web site ও Logo চূড়ান্ত করে পরবর্তী সভায় এ বিষয়ে তথ্য উপস্থাপন করতে হবে।**

৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং- ০৫-০৪-২০১৮
**(মোহমুদা আকতার)**
অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা)
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ